

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় : “রপ্তানীমুখী শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০ (সংশোধিত ২০২২)” এর আওতায় উপকারভোগী শ্রমিকের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ক) বাংলাদেশ গেজেট বিজ্ঞপ্তি নং-৪০.০০.০০০০.০১৪.২২.০০২.২০-৬৭, তারিখঃ ০৭ অক্টোবর, ২০২০ খ্রিঃ
খ) স্বারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৭.১৬.০০২.২০.১৬২, তারিখঃ ১১ অক্টোবর, ২০২০ খ্রিঃ

প্রিয় মহোদয়,

সরকার কর্তৃক প্রণীত উল্লেখিত কার্যক্রমের আওতায় উপযুক্ত উপকারভোগী দুঃস্থ শ্রমিকদের মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা করে সর্বোচ্চ তিন মাস এ নগদ সহায়তা প্রদান করা হবে। তবে নির্বাচিত শ্রমিক এই তিন মাসের মধ্যে অন্য কোথাও নতুন কর্মে নিযুক্ত হলে যে মাস থেকে কর্মে নিযুক্ত হবেন সে মাস থেকে এই নগদ সহায়তা প্রাপ্য হবে না।

উপকারভোগী দুঃস্থ শ্রমিক নির্বাচনের শর্তাবলি :

- বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং রপ্তানীমুখী তৈরী পোশাক কারখানার শ্রমিক হিসাবে (কারখানার পে-রোল অনুযায়ী/ ক্ষতিগ্রস্ত শ্রমিকের পে-রোল অনুযায়ী) কর্মরত ছিলেন।
- স্থায়ীভাবে কারখানা বন্ধের ফলে চাকরি হারানো শ্রমিক এবং যিনি এখনও কর্মহীন রয়েছেন।
- যে সকল শ্রমিক অসুস্থতা/দুর্ঘটনাজনিত কারণে শরীরিকভাবে অক্ষম হয়ে পড়েছেন এবং কাজে ফিরতে পারছেন না।
- সন্তান জন্মদানকারী শ্রমিক যিনি শ্রম আইনের ৪৬ ধারা অনুযায়ী আর্থিক সুবিধাদির আওতাভুক্ত না হওয়ায় প্রসূতি কল্যাণ সুবিধা বঞ্চিত এবং পুনরায় চাকরিতে বহালকৃত নন।
- যেসব শ্রমিক সাময়িক চাকরি হারিয়েছেন এবং শ্রম আইন, ২০০৬ (সংশোধিত-২০১৮) অনুযায়ী আইনানুগ ক্ষতিপূরণ পাওয়ার শর্তের আওতাভুক্ত নন।
- লে-অফকৃত বা ছাটাইকৃত শ্রমিক যাদের কোন প্রতিষ্ঠানে চাকরির সময়কাল একটানা এক বছর বা ২০৪ দিনের কম হওয়ায় বা চাকরি আনুষ্ঠানিক চুক্তি ভিত্তিক না হওয়ায় এক বা দুই মাসের ক্ষতিপূরণ পেয়েছেন কিন্তু এখনও কর্মহীন রয়েছেন।

বিশেষভাবে উল্লেখ্য যে, অর্থ মন্ত্রণালয়ের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কারখানা থেকে

- নির্বাচিত উপকারভোগীর নিজের সঠিক জাতীয় পরিচয় পত্র থাকা বাধ্যতামূলক।
- সর্বশেষ ৩ মাসের পে-রোল প্রেরণ করতে হবে। Salary Colum বাদ দিয়ে পে-রোল সিট প্রেরণ করতে হবে।

আপনার কারখানার কোনো শ্রমিক উপরোক্ত শর্তাবলি অনুযায়ী উপকারভোগী হিসাবে বিবেচিত হলে নিয়মানুযায়ী সার্বিক তথ্যাবলি প্রস্তুত পূর্বক (সংযুক্ত ছক মোতাবেক) আবেদন করার জন্য অনুরোধ করা হলো।


✓ প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ :

জনাব, মো: রাশেদুল ইসলাম, সিনিয়র সহঃ সচিব, এস.ডি.পি সেকশন, বিজিএমইএ।
মোবা : ০১৭ ১২ ১৯ ১৬ ২২, ই-মেইলঃ islambadhon@gmail.com

সংযুক্তি: ১) গেজেট।

২) তথ্য সংগ্রহের ফরমেট।

ধন্যবাদান্তে,



মেঃ ফয়জুর রহমান

মহঃ-সচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •